

স্মারক নং ৩১.৪৬.৯০৫০.০০০.০৬.০১৬.২৩- ২০১৯

তারিখঃ ০৯ জুলাই ২০২৩


জামালগঞ্জ উপজেলাধীন ১৪৩০ বাংলা সনে নবসৃষ্ট নয়াহালট মডেল মসজিদ নৌকাঘাট ও কারেন্টের বাজার  
নৌকাঘাট অবশিষ্ট সময়ের জন্য খাস আদায় নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালগঞ্জ উপজেলাধীন ১৪৩০ বাংলা সনে নবসৃষ্ট নয়াহালট মডেল মসজিদ নৌকাঘাট ও কারেন্টের বাজার নৌকাঘাট অবশিষ্ট সময়ের জন্য খাস আদায়ের লক্ষ্যে আগামী ১৭/০৭/২০২৩ তারিখ ১১.০০ ঘটিকার সময় উপজেলা ভূমি অফিসে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। নিলাম ডাক অংশগ্রহণেচ্ছুক ব্যক্তিগণকে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উপজেলা পরিষদ, জামালগঞ্জ এর ৩০/৪/২০২৩ তারিখের ১৬(৩০) নং স্মারকমূলে প্রাপ্ত মাসিক সময় সমভার সিদ্ধান্তমতে ১৪৩০ বাংলা সনের অবশিষ্ট সময়ের জন্য নবসৃষ্ট নয়াহালট মডেল মসজিদ নৌকাঘাট ও কারেন্টের বাজার নৌকাঘাট দুইটি নৌকাঘাট নিলাম ডাকে খাস আদায়ের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

শর্তাবলী :-

১. নিলাম ডাকে অংশগ্রহণকারী ব্যক্তিকে নিলাম ডাকের পূর্বে প্রতিটি নৌকাঘাটের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে উপজেলা ভূমি অফিস, জামালগঞ্জ-এ জামানত হিসেবে নগদ জমা প্রদান করতে হবে। নিলাম ডাকের সর্বোচ্চ ডাককারীর জমাকৃত টাকা নিলাম উদ্ধৃত দরের সাথে সমন্বয় করা হবে এবং অন্যান্য ডাককারীর জমাকৃত টাকা ফেরত প্রদান করা হবে।
২. নিলাম ডাকে সর্বোচ্চ ডাককারী সাথে সাথে অবশিষ্ট সময়ের টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তার ডাক বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
৩. অনুমোদিত ডাককারীর প্রস্তাবিত ডাকের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% ড্যাট (ডাকে উন্নিখিত দরের অতিরিক্ত) প্রদান করতে হবে নতুবা নৌকাঘাটের দখল প্রদান করা যাবে না।
৪. সর্বোচ্চ ডাককারী শুধু খাস আদায়কৃত সময়ের মধ্যে সংশ্লিষ্ট নৌকাঘাট পরিচালনা কমিটির সমন্বয়ে নিজ ব্যবস্থাপনায় সকলের নির্ধারিত হারে টোল আদায় করতে পারবেন।
৫. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন ডাক গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(তনুকা ভৌমিক)  
সহকারী কমিশনার (ভূমি)  
ফোন: ০১৭৯৪-৪৪৮৭৩১  
ইমেইল: [aclandjamalganj@gmail.com](mailto:aclandjamalganj@gmail.com)

স্মারক নং ৩১.৪৬.৯০৫০.০০০.০৬.০১৬.২৩- ১০৬৯ (২৩)

তারিখ : ০৯ জুলাই ২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।


৫। অফিসার ইনচার্জ, জামালগঞ্জ থানা, সুনামগঞ্জ।

৬। চেয়ারম্যান, জামালগঞ্জ সদর/ভীমখালী ইউপি, জামালগঞ্জ। [ তাঁকে তাঁর ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রাম-পুলিশের মাধ্যমে স্থানীয় নৌকাঘাটের বিজ্ঞপ্তিটি বহুশ প্রচারের জন্য অনুরোধ করা হলো। ]

৭। ইউনিয়ন ডুমি সহকারী কর্মকর্তা, সাচনা/ভীমখালী ইউনিয়ন ডুমি অফিস, জামালগঞ্জ। (তাঁকে স্থানীয় বাজারে ঢোল-সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য নির্দেশ প্রদান করা হলো)

৮। অফিস কপি/মাস্টার কপি।

৯। নোটিশ বোর্ড।



(তনুকা ভৌমিক)

সহকারী কমিশনার (ডুমি)

ফোন: ০১৭৯৪-৪৪৮৭৩১

ইমেইল: aclandjamalganj@gmail.com